

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ৭, ২০২২

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মানবাধিকার কমিশন

প্রজ্ঞাপন

তারিখ : ১৩ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ/২৮ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২৬০-আইন/২০২২।—জাতীয় মানবাধিকার কমিশন আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৩ নং আইন) এর ধারা ৩০ এ প্রদত্ত ক্ষমতাবলে কমিশন, রাষ্ট্রপতির পূর্বানুমোদনক্রমে, জাতীয় মানবাধিকার কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালায়—

(১) বিধি ৩ এর উপ-বিধি (১) এর—

(ক) দফা (খ) এ উল্লিখিত “এবং” শব্দটি বিলুপ্ত হইবে; এবং

(খ) দফা (গ) এর প্রান্তস্থিত “।” দাঁড়ির পরিবর্তে “; এবং” সেমিকোলন ও শব্দটি প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (ঘ) সংযোজিত হইবে, যথা :—

“(ঘ) পদায়নের মাধ্যমে।”; এবং

(২) তফসিল-১ এর কলাম (১) এ উল্লিখিত—

(ক) ক্রমিক নং ৭ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে ক্রমিক নং ৭ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ নিম্নরূপ এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

(১৪০৪৭)

মূল্য : টাকা ৪.০০

“	৭।	উপ-পরিচালক	-	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে	পদোন্নতির ক্ষেত্রে : সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ), সহকারী পরিচালক (অভিযোগ ও তদন্ত), সহকারী পরিচালক (অর্থ), সহকারী পরিচালক (সমাজসেবা এবং কাউন্সেলিং), সহকারী পরিচালক (প্রশিক্ষণ) সহকারী পরিচালক, (তথ্য প্রযুক্তি), সহকারী পরিচালক (গবেষণা), সহকারী পরিচালক (আইন), সহকারী পরিচালক (অভিযোগ, পর্যবেক্ষণ ও সমঝোতা), সহকারী পরিচালক, জনসংযোগ কর্মকর্তা বা চেয়ারম্যানের একান্ত সচিব পদে অনূ্যন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।
					প্রেষণে নিয়োগের ক্ষেত্রে : সিনিয়র সহকারী সচিব বা সমপদমর্যাদার কর্মকর্তা।

”;

(খ) ক্রমিক নং ১৯ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে ক্রমিক নং ১৯ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ নিম্নরূপ এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“	১৯।	চেয়ারম্যানের একান্ত সচিব	-	-	সহকারী পরিচালকগণের মধ্য হইতে পদায়নের মাধ্যমে।
---	-----	---------------------------	---	---	--

”।

জাতীয় মানবাধিকার কমিশনের আদেশক্রমে

নারায়ণ চন্দ্র সরকার

সচিব (যুগ্ম সচিব)

জাতীয় মানবাধিকার কমিশন।